

স্মারক নম্বর: ৪৬.০০.২২০০.০৪২.৯৯.০৭২.২০.১৯৫৬

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮

১৫ সেপ্টেম্বর ২০২১

বিষয়: জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার রায়গঞ্জ বাজারে (শ্যামগঞ্জ কালিবাড়ী) ও (তিন) তলা বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল, গণ গ্রন্থাগার রেস্ট হাউজ নির্মাণ স্কিমের প্রাক্কলন অনুমোদন।

সূত্র: ১. জেলা পরিষদ, জামালপুর এর স্মারক ৪৬.৩০.৩৯০০.০০২.০১.০০১.২১-৫৮০(৪), তারিখ: ২৩ মে ২০২১;
২. স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এর স্মারক ৪৬.০২.০০০০.৩০১.৯৯.০৩০.১৯-৪৮৩, তারিখ: ২৫ আগস্ট ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ ২ নং স্মারকে জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার রায়গঞ্জ বাজারে (শ্যামগঞ্জ কালিবাড়ী) ও (তিন) তলা বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল, গণ গ্রন্থাগার রেস্ট হাউজ নির্মাণ স্কিম বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রাক্কলন এলজিইডি কর্তৃক যাচাই করে প্রেরণ করা হয়েছে:

ক্রমিক	স্কিম	এলজিইডি কর্তৃক যাচাইকৃত প্রাক্কলিত ব্যয়
১.	জামালপুর জেলার মাদারগঞ্জ উপজেলার রায়গঞ্জ বাজারে (শ্যামগঞ্জ কালিবাড়ী) ও (তিন) তলা বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল, গণ গ্রন্থাগার রেস্ট হাউজ নির্মাণ	১৪,৪২,০৭,১০৮.০০ (চৌদ্দ কোটি বিয়াল্লিশ লক্ষ সাত হাজার একশত আট) টাকা

২। উল্লেখ্য, ২০১৫-১৬ অর্থ বছরে তৎকালীন মাননীয় প্রতিমন্ত্রী, বস্ত্র ও পাট মন্ত্রণালয়-এর পরামর্শ অনুযায়ী প্রকল্প গ্রহণের জন্য 'সংরক্ষিত বরাদ্দ' উপ-খাত হতে জামালপুর জেলা পরিষদের অনুকূলে ৭৯.৪৩ লক্ষ টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। উক্ত স্কিম বাস্তবায়নের ক্ষেত্রে প্রয়োজনীয় অতিরিক্ত অর্থের সংস্থান কী হবে, এ বিষয়ে ইতঃপূর্বে জেলা পরিষদ, জামালপুর হতে সূত্রস্থ ১ নং স্মারকে জানানো হয়েছিল, "মাননীয় সংসদ সদস্য জনাব মির্জা আজম মহোদয়ের অভিপ্রায় অনুযায়ী বরাদ্দকৃত এডিপি সাধারণ, বিশেষ বরাদ্দ ও অবশিষ্ট অর্থ জেলা পরিষদের রাজস্ব তহবিল হতে অর্থ দিয়ে বাস্তবায়ন করা হবে"।

৩। তবে প্রস্তাবিত স্কিমের প্রাক্কলন অনুমোদন প্রদানের পূর্বে স্কিমটি বাস্তবায়নের সম্পূর্ণ অর্থের সংস্থান নিশ্চিত করা প্রয়োজন। অন্যথায়, নির্মাণ কাজ শুরু করার পর প্রয়োজনীয় অর্থের সংস্থান সম্ভব না হলে, স্কিম বাস্তবায়ন করা সম্ভব নাও হতে পারে।

৪। এমতাবস্থায়, এলজিইডি কর্তৃক যাচাইকৃত উক্ত প্রাক্কলনটি এসাথে প্রেরণ করা হলো এবং স্কিমটি বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় সম্পূর্ণ অর্থের সংস্থান নিশ্চিত করে উক্ত প্রাক্কলনটি অনুমোদনের প্রস্তাব পুনরায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তি: এলজিইডি কর্তৃক যাচাইকৃত প্রাক্কলন।

১৫-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর,
জেলা পরিষদ, জামালপুর

স্মারক নম্বর: ৪৬.০০.২২০০.০৪২.৯৯.০৭২.২০.১৯৫৬/১(৬)

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৮
১৫ সেপ্টেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ
- ৬) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, স্থানীয় সরকার বিভাগ



১৫-৯-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব